



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/৩০৬

তারিখঃ ০১/০৬/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

৫৭৫ তম কমিশন সভা অদ্য ০১/০৬/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

- কমিশন, United Airways (BD) Limited এর প্রতিটি ১০ টাকা মূল্যের ৪০,০৮,০৮,৮০০ টি সাধারণ শেয়ার অভিহিত মূল্যে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বর্তমান শেয়ারহোল্ডারদের বাহিরে (other than existing shareholders) Swift Air Cargo Pte Limited, Phoenix Aircraft Leasing Pte Limited এবং TAC Aviation Limited কোম্পানীসমূহকে ইস্যু করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই অনুমোদনের মাধ্যমে United Airways (BD) Limited মোট ৪০০,৮০,৮৮,০০০ টাকার মূলধন উত্তোলন করবে। প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে প্রাপ্য শেয়ার যথাক্রমে Swift Air Cargo Pte Limited এর ক্ষেত্রে ০৩ (তিন) বৎসর, Phoenix Aircraft Leasing Pte Limited এর ক্ষেত্রে ০১ (এক) বৎসর এবং TAC Aviation Limited United Airways (BD) Limited এর ক্ষেত্রে ০১ (এক) বৎসর লক-ইন (lock-in) থাকবে। উত্তোলিত অর্থ United Airways (BD) Limited বিমান ক্রয় এবং এ সংক্রান্ত বর্তমান দায় পরিশোধের কাজে ব্যবহার করবে। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ICB Capital Management Limited।
- কমিশনের তদন্ত দল কর্তৃক Shahjibazar Power Company Ltd. (SPCL) এর শেয়ার লেনদেনে উদ্ঘাটিত অনিয়ম এর বিষয়ে দেখা যায় যে, জনাব আবুল কালাম ইয়াজদানী, প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO), প্রাইম ইসলামী সিকিউরিটিজ লিঃ (PISL) নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করেছেন :
 - জনাব আবুল কালাম ইয়াজদানী তাঁর নিজস্ব Benifisiary Owners (BO) হিসাব সম্পর্কিত মিথ্যা ও অসত্য তথ্য প্রদানের মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গ করেছেন;
 - তিনি প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্ন পক্ষকে SPCL এর শেয়ার ক্রয়ে সম্পৃক্ত করেন। ফলে বাজারে উক্ত শেয়ারের কৃত্রিম চাহিদা সৃষ্টি হয়, লেনদেনযোগ্য শেয়ারের ঘাটতি দেখা দেয় এবং শেয়ারের মূল্য বৃদ্ধি ঘটে। এই ধরনের কাজে সম্পৃক্ততার মাধ্যমে জনাব আবুল কালাম ইয়াজদানী, Securities and Exchange Ordinance, 1969 এর Section 17(e)(v) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ ও দ্বিতীয় তফসিল -এ বর্ণিত আচরণবিধি ৬ ও ৭ ভঙ্গ করেছেন।

উপরে বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ পরিপালনে ব্যর্থতার জন্য কমিশন, জনাব আবুল কালাম ইয়াজদানী -কে ৩০ (ত্রিশ) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

- কমিশন আজকের সভায় ফাইন্যান্সিয়াল ডেরিভেটিভস গাইডলাইন অনুমোদন করেছে। যা বাংলাদেশ গেজেটে শীঘ্রই প্রকাশ করা হবে।



মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপাত্র।